



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১২-০৯-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের উদ্যোগে দেশব্যাপী অ-১৫ এর বাছাইকৃত ৫১ জন খেলোয়াড়দের নিয়ে গত ১১ আগস্ট ২০২১ তারিখ হতে কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে 'বায়ুফে এলিট ফুটবল একাডেমি'র কার্যক্রম শুরু হয়েছে। উক্ত একাডেমীর উদ্বোধনী অনুষ্ঠান অদ্য ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি। এছাড়াও উপস্থিত ছিলেন বায়ুফেডের সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন, জাতীয় ক্রীড়া পরিষদের সচিব (অতিরিক্ত সচিব) জনাব মাসুদ করিম, বায়ুফে কার্যনির্বাহী কমিটির সহ-সভাপতি ও বায়ুফে ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান ভূইয়া (মানিক), বায়ুফেডের সহ-সভাপতি জনাব মহিউদ্দিন আহমেদ মহি, ফিফা কাউন্সিল মেম্বর এবং বায়ুফে ও এএফসি সদস্য মাহফুজা আক্তার কিরণ, জাতীয় ক্রীড়া পরিষদের পরিচালক (ক্রীড়া) জনাব মোঃ শাহ আলম সরদার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মুহাম্মদ সারোয়ার জাহান, পরিচালক (অর্থ) জনাব তোহিদুর রহমান খান, বায়ুফেডের সদস্য ও মিডিয়া কমিটির চেয়ারম্যান জনাব জাকির হোসেন চৌধুরী, বায়ুফেডের সদস্য জনাব মোঃ নুরুল ইসলাম (নূরুল), সদস্য জনাব মোঃ আমের খান, সদস্য জনাব মহিদুর রহমান মিরাজ এবং বায়ুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগসহ বায়ুফেডের অন্যান্য সদস্যবৃন্দ। আরও উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং জাতীয় ক্রীড়া পরিষদের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

খালিদ মাহমুদ নওমী
এক্সিকিউটিভ-মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।